# বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
**www.bpsc.gov.bd**

## বিজ্ঞপ্তি

নং ৮০.০০.০০০০.১০৩.১১.০০৫.২০২১- ২৭৭

তারিখঃ ০২ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ
১৭ অক্টোবর ২০২১ খ্রিঃ

বিষয়ঃ পররাষ্ট্র মন্ত্রণালয়ের ''কম্পিউটার অপারেশন সুপারভাইজার'' (৬ষ্ঠ গ্রেড) পদের মৌখিক পরীক্ষা গ্রহণের তারিখ, সময়সূচি ও নির্দেশাবলী।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের ''কম্পিউটার অপারেশন সুপারভাইজার''(৬ষ্ঠ গ্রেড) পদের অনলাইনে আবেদনকৃত BPSC Form-5A [Applicant's Copy] জমাদানকারী যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষা নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচি অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবেঃ

| মৌখিক পরীক্ষার তারিখ ও সময় | প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর |
|---|---|
| তারিখঃ ১৮.১১.২০২১খ্রিঃ<br>সময়ঃ সকাল ১০:০০মিনিট | 000012, 000018, 000020, 000038, 000049, 000053, 000072, 000075, 000082, 000094 = ১০ জন |

২. নিম্নলিখিত রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থীদের কমিশন কর্তৃক শর্ত সাপেক্ষে সাময়িকভাবে যোগ্য ঘোষণা করা হয়েছে। উক্ত প্রার্থীদের নিম্নোক্ত ছকের ২নং কলামে বর্ণিত প্রত্যয়ন ও সনদপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই জমা দিতে হবে। উল্লিখিত কাগজপত্রাদি জমাদানে ব্যর্থ হলে প্রার্থীতা বাতিল হবে এবং মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

| রেজিস্ট্রেশন নম্বর | চাহিত কাগজপত্র/তথ্যাদি |
|---|---|
| 000051=১ জন | পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে প্রাক্তন এবং বর্তমান সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারী পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। |
| 000056, 000061, 000073, 000099=৪ জন | অর্জিত স্নাতক ডিগ্রি ৪ বছর মেয়াদী মর্মে বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক /রেজিস্ট্রার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের মূলকপি মৌখিক পরীক্ষার বোর্ডে প্রদর্শন ও সত্যায়িত কপি জমা দিতে হবে। |

৩. নিম্নলিখিত রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থীদের প্রার্থিতা ২ নং কলামে উল্লিখিত কারণে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক বাতিল করা হয়েছেঃ

| রেজিস্ট্রেশন নম্বর | প্রার্থীতা বাতিলের কারণ |
|---|---|
| 000002, 000010, 000022, 000031, 000039, 000069, 000076, 000085, 000089, 000090 =১০ জন | নিয়োগ বিজ্ঞপ্তির শর্তানুযায়ী শিক্ষাগত যোগ্যতা ভিন্ন হওয়ায় এবং অভিজ্ঞতার সনদে বেতন গ্রেড/স্কেল উল্লেখ না থাকায় |
| 000032, 000035, 000042, 000047, 000050, 000060, 000067, 000096, 000100, 600096= ১০ জন | নিয়োগ বিজ্ঞপ্তির শর্তানুযায়ী অভিজ্ঞতার সনদে বেতন গ্রেড/স্কেল উল্লেখ না থাকায় |
| 000052=১জন | নিয়োগ বিজ্ঞপ্তির শর্তানুযায়ী শিক্ষাগত যোগ্যতা ভিন্ন হওয়ায় |
| 000015, 000019=২জন | নিয়োগ বিজ্ঞপ্তির শর্তানুযায়ী অভিজ্ঞতা কম থাকায় |
| 000092 = ১জন | BPSC Form-5A [Applicant's Copy] না দেয়ায় এবং অভিজ্ঞতার কাগজপত্র না থাকায় |

৪. কমিশন কর্তৃক কম্পিউটার অপারেশন সুপারভাইজার (৬ষ্ঠ গ্রেড) পদে ২৩ ফেব্রুয়ারী ২০২১ তারিখে জারিকৃত বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে সাময়িকভাবে যোগ্য প্রার্থীদের রেজিস্ট্রেশনকৃত BPSC Form-5A [Applicant's Copy] প্রবেশপত্র, জাতীয় পরিচয়পত্র ও শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদ এবং অভিজ্ঞতার সনদপত্র মৌখিক পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে। চাকরিরত প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সিল স্বাক্ষরিত মূল ছাড়পত্র এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

ক্রমশ/২

৫. মৌখিক পরীক্ষার জন্য কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট এবং টেলিটক বাংলাদেশ লিঃ এর http://bpsc.teletalk.com.bd ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করা যাবে। প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।

৬. কর্ম কমিশনের ওয়েবসাইট হতে BPSC Form-5A (Applicant's copy) ডাউনলোডপূর্বক শিক্ষাগত যোগ্যতার সনদসহ নিম্নে ৮নং অনুচ্ছেদে উল্লিখিত কাগজপত্রাদির সত্যায়িত ফটোকপি সংযুক্ত করে মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই জমা দিতে হবে। উল্লিখিত কাগজপত্র জমাদানে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

**৭. প্রার্থীদের সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি আবশ্যিকভাবে অনুসরণপূর্বক সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে এবং মাস্ক পরিধান করে মৌখিক পরীক্ষায় উপস্থিত হতে হবে।**

৮. নিম্নলিখিত কাগজপত্র ২ (দুই) সেট মৌখিক পরীক্ষার অন্তত আধা ঘন্টা (৩০ মিনিট) পূর্বে কমিশনের সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে।

ক. শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা এবং সংশ্লিষ্ট সকল সনদের মূল ও সত্যায়িত কপি;
খ. আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তন হলে স্থায়ী ঠিকানার সপক্ষে প্রাক্তন এবং বর্তমান সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারী পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্রের মূল ও সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
গ. ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি;
ঘ. জাতীয় পরিচয়পত্রের (NID) মূল কপি ও সত্যায়িত কপি। জাতীয় পরিচয়পত্র হারিয়ে গেলে তা পুনঃপ্রাপ্তির যথাযথ পদ্ধতি অনুসরণ করে প্রয়োজনীয় ডকুমেন্টস ও কাগজপত্রসহ কমিশনকে লিখিতভাবে জানাতে হবে;
ঙ. BPSC Form-5A (Applicant's copy);
চ. পরীক্ষার প্রবেশপত্রের কপি;
ছ. বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের মূল ও সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
জ. নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি;
ঝ. সরকারী/স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সিল স্বাক্ষরিত ছাড়পত্রের মূল ও সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

৯. উল্লিখিত প্রতিটি ডকুমেন্টস এর সত্যায়িত কপির উপর প্রার্থীকে তার রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই লিখতে হবে।

১০. কোনো প্রার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের গুরুতর (Substantive) কোনো ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

১১. বিজ্ঞপ্তিটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

১৭/১০/২০২১
(মোঃ নজরুল ইসলাম)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
[যুগ্মসচিব]